

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃষিখামার সড়ক, ফার্মগেইট, ঢাকা-১২১৫।


নং- ৩৩.০১.০০০০.৭০০.০৫.০৬৩.১৫/৮৭

তারিখঃ ২০/০২/২০১৬ খ্রিঃ।

বিশেষ বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন টেন্ডারিং-এ অংশগ্রহণকারী বিডারদের জানানো যাচ্ছে যে, মন্ত্রণালয়ের ২৭/০১/২০১৬ তারিখের নং- ৩৩.০০.০০০০.১২৬.০৮.০০৬.১৩-৪২ সংখ্যক পত্রে ১ মার্চ, ২০১৬ হতে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্পসমূহে ই-টেন্ডারিং-এর মাধ্যমে ক্রয় কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন টেন্ডারিং-এ অংশগ্রহণকারী বিডারদের ই-টেন্ডারিং-এ অংশগ্রহণের সক্ষমতা থাকার কথা উল্লেখ রয়েছে। এ লক্ষ্যে ০৭/০২/২০১৬খ্রিঃ তারিখে অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এক মতবিনিময় সভায় প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন টেন্ডারিং-এ অংশগ্রহণকারী বিডারদের ই-টেন্ডারিং-এ অংশগ্রহণের সক্ষমতা সৃষ্টির লক্ষ্যে সিপিটিইউ-তে রেজিস্ট্রেশন এবং প্রশিক্ষণ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

উক্ত সিদ্ধান্ত মোতাবেক প্রাণিসম্পদ অধিদপ্তরের তালিকাভুক্ত বিডারদের সিপিটিইউ-তে যোগাযোগ করে রেজিস্ট্রেশন এবং প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(অজয় কুমার)
মহাপরিচালক (অতিঃ দাঃ)
প্রাণিসম্পদ অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২০/০২/১৬

অনুলিপি :

- ১। উপপরিচালক, প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন-২, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। তালিকাভুক্ত বিডারদের কপি বিতরণের জন্য অনুরোধ করা হলো।
- ২। ইনচার্জ, আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৩। নোটিশ বোর্ড।
- ৪। মেসার্স/জনাব -----

সদয় অবগতির জন্য অনুলিপি :

সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-১ অধিশাখা
www.mofl.gov.bd


নং-৩৩.০০.০০০০.১২৬.০৮.০০৬.১৩-৪২

তারিখঃ ২৭/০১/২০১৬ খ্রি.

বিষয়ঃ ক্রয় কার্যক্রম ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্নকরণ গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ই-টেন্ডারিং এর মাধ্যমে সকল ক্রয় কার্যক্রম সম্পন্ন করার জন্য সরকারের নির্দেশনা রয়েছে। এ লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সকল ক্রয় কার্যক্রম ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পাদনের নিমিত্তে বিগত ১৭/০১/১৬ তারিখ হতে ২১/০১/১৬ তারিখ পর্যন্ত CPTU কর্তৃক আয়োজিত ই-টেন্ডারিং প্রশিক্ষণ কার্যক্রমে, মন্ত্রণালয়, মৎস্য অধিদপ্তর ও প্রাণিসম্পদ অধিদপ্তর ০৫ জন কর্মকর্তা অংশগ্রহণপূর্বক ইতোমধ্যে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। ক্রয় কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে সকল অফিসে ই-টেন্ডারিং ব্যবস্থা জরুরী ভিত্তিতে চালু করা একান্ত প্রয়োজন। ই-টেন্ডারিং ব্যবস্থা চালু করার জন্য টেন্ডারিং-এ অংশগ্রহণকারী বিডারদের ই-টেন্ডারিং এ অংশগ্রহণের সক্ষমতা থাকা দরকার। এক্ষেত্রে টেন্ডারিং-এ অংশগ্রহণকারী বিডারদের যাতে ই-টেন্ডারিং-এ অংশগ্রহণ করতে পারে সেজন্য তাদের করণীয় বিষয়ে সভায় আলোচনা হওয়া প্রয়োজন।

এমতাবস্থায়, ই-টেন্ডারিং ব্যবস্থা কার্যকরভাবে চালু করার লক্ষ্যে আগামী ১০/২/২০১৬ তারিখের মধ্যে বিডারদের সাথে তাদের করণীয় বিষয়ে সভা অনুষ্ঠান এবং আগামী ০১/০৩/২০১৬ তারিখ হতে সকল ক্রয় কার্যক্রম ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো


২৭/০১/২০১৬
(মোঃ সফিকুল ইসলাম)
উপসচিব
ফোন নং-৯৫৭৭২৬২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
- ২। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, খামার বাড়ী সড়ক, ফার্মগেইট, ঢাকা।

অনুলিপিঃ

- ১। সচিব মহেদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন/মৎস্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।